Australian Government
Department of Education and Training

# প্রাপ্তবয়স্ক অভিবাসীদের ইংরেজি কার্যক্রম (Adult Migrant English Program)-এর মাধ্যমে ইংরেজি শিখুন

## Adult Migrant English Program

ইংরেজি অস্ট্রেলিয়ার জাতীয় ভাষা। অস্ট্রেলিয়ার অধিবাসীরা বিভিন্ন ভাষাতে কথা বলেন, তবে ইংরেজিতে কথা বলা এবং এই ভাষাটি বোঝা অস্ট্রেলিয়ার জীবনে পরিপূর্ণভাবে অংশগ্রহণ করতে আপনাকে সাহায্য করবে৷ আপনি দেখবেন যে ইংরেজি ছাড়া অস্ট্রেলিয়ার নাগরিকত্ব পেতে, গুরুত্বপূর্ণ সেবাসমূহের নাগাল পেতে এবং স্বাধীনভাবে জীবনযাপনের ক্ষেত্রে আপনি অসুবিধার সম্মুখীন হচ্ছেন৷

আপনার ইংরেজি শিক্ষার সহ্তায় Adult Migrant English Program (AMEP)-এ যোগদান করার জন্য আপনি যোগ্য হতে পারেন।

## AMEPকী?

AMEP হল অস্ট্রেলিয় সরকারের অর্থায়নকৃত এবং যোগ্য অভিবাসী ও মানবাধিকারে প্রবেশিকারীদের বিনামূল্যে ৫১০ ঘন্টা পর্যন্ত ইংরেজি ভাষা শিক্ষা দিয়ে থাকে। আপনার যদি পার্মানেন্ট ভিসা বা উপযুক্ত কোন টেম্পোরারি ভিসা অনুমোদিত হয়ে থাকে এবং আপনি যদি ইংরেজিতে সামান্য বা একদমই কথা বলতে অপারগ হন তাহলে আপনি AMEP-এর জন্য যোগ্য হতে পারেন। ১৫ থেকে ১৭ বছর বয়সী কিছু অভিবাসী যুবাও এর যোগ্য হতে পারেন৷

AMEP ক্লাসে আপনি ইংরেজি ভাষাতে দক্ষতা শিখবেন এবং অস্ট্রেলিয় সমাজ সম্বন্ধে তথ্য জানবেন। আপনি অন্যান্য নতুন অভ্যাগতদের সাথে সাক্ষাৎ পাবেন এবং হয়তো নতুন কিছু বন্ধুও পাবেন। সবকিছু মিলিয়ে এগুলো আপনাকে এবং আপনার পরিবারকে সফলভাবে অস্ট্রেলিয়াতে স্থায়ী হতে সহায়তা করবে। অস্ট্রেলিয়াতে আপনি কাজ করতে চাইলেও ইংরেজি ভাষাতে দক্ষতা খুবই গুরুত্বপূর্ণ।

AMEP অনুমোদিত সেবা প্রদানকারী দ্বারা সরবরাহ করা হয় এবং এমন সব শিক্ষকদের দ্বারা শেখানো হয় যাদের অন্যান্য ভাষা ব্যবহারকারী ব্যক্তিদের ইংরেজি শেখানোর ব্যাপারে প্রশিক্ষণ রয়েছে৷

## আমি কিভাবে ভর্তি হতে পারি?

AMEP-এর মাধ্যমে ইংরেজি ভাষা শিক্ষা পেতে হলে আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়াতে আসার অথবা আপনার ভিসার মেয়াদ শুরু হওয়ার ছয় মাসের মধ্যে কোন অনুমোদিত AMEP সেবা প্রদানকারীর কাছে নিবন্ধন করতে হবে। অস্ট্রেলিয়াতে আসার অথবা ভিসার মেয়াদ শুরু হওয়ার ১২ মাসের মধ্যে আপনাকে অবশ্যই আপনার ইংরেজি ক্লাস আরম্ভ করতে হবে।

AMEP –এর মাধ্যমে ইংরেজি শেখার ক্ষেত্রে আপনার সময় অস্ট্রেলিয়াতে আসার তারিখ অথবা ভিসার মেয়াদ শুরু হওয়ার দিন থেকে পাঁচ বছর পর্যন্ত বহাল থাকবে| আপনার প্রয়োজনের ওপর নির্ভর করে আপনি অতিরিক্ত শিক্ষণের জন্য যোগ্য হতে পারেন|

আপনার জন্য সর্বোত্তম সম্ভাব্য ফলাফল সুনিশ্চিত করার ক্ষেত্রে আপনার প্রয়োজন অনুসারে আপনার সেবা প্রদানকারী আপনাকে একটি ক্লাস খুঁজে নিতে সাহায্য করবে। বিভিন্ন সময়ে বিভিন্ন জায়গায় পূর্ণকালীন এবং খণ্ডকালীন ক্লাস হয় যাতে আপনি আপনার সুবিধামতো সময়ে ও স্থানে শিক্ষা নিতে পারেন।

## শিক্ষার ধারা

আপনার AMEPসেবা প্রদানকারী আপনার চাহিদা পূরণ করার জন্য নিম্নোক্ত দু'টি শিক্ষা ধারা থেকে বাছাই করার ব্যাপারে আপনাকে সহায়তা করবে:

- প্রাক-কর্মসংস্থান ইংরেজি ধারা – যারা কর্মক্ষেত্রে অংশগ্রহণের জন্য কার্যকর ইংরেজি শিক্ষা লাভ করতে চান, অথবা দীর্ঘস্থায়ী কর্মসংস্থানের জন্য অতিরিক্ত প্রশিক্ষণ পেতে চান তাদের জন্য|
- সামাজিক ইংরেজি ধারা – যারা সামাজিকভাবে যোগদান করার লক্ষ্যে ইংরেজি কথোপকথনের দক্ষতায় উন্নতি সাধন করতে চান এবং স্থানীয় কমিউনিটিতে স্বাধীনভাবে বসবাস করার আত্মবিশ্বাস অর্জন করতে চান তাদের জন্য|

আপনি আপনার জন্য আইনগতভাবে নির্ধারিত ৫১০ ঘন্টা নির্বাচনে এই দুইটি ধারার যেকোনোটি অথবা উভয়ের সংমিশ্রণ ব্যবহার করতে পারেন|

যারা পারস্পরিক বাধ্যবাধকতার প্রয়োজনীয়তার আওতায় আয় সহায়তা পাচ্ছেন তারা সামাজিক ইংরেজি ধারার ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন না|

## আমি ক্লাসে না যেতে পারলে কী হবে?

আপনি আপনার ক্লাসে যেতে অপারগ হলে আপনার AMEPসেবা প্রদানকারীর সাথে কথা বলবেন| একজন গৃহশিক্ষকের মাধ্যমে অথবা অনলাইনে AMEPশিক্ষক সহায়তায় দূরশিক্ষণের মাধ্যমে ইংরেজি শিক্ষার ব্যাপারে আপনার AMEP সেবা প্রদানকারী আপনাকে সাহায্য করতে পারেন|

এছাড়াও www.amepdl.net.au-এ AMEP সেলফ-পেসড ই-লার্নিং মডিউল ব্যবহার করে আপনি নিজ গতিতে শিক্ষা লাভ করতে পারেন| বিনামূল্যের এই শিক্ষা কার্যক্রম যেকেউ পেতে পারেন ( শুধু AMEP ক্লায়েন্টদের জন্যই নয়) যাঁরা ইংরেজি শিখতে চান।

## AMEP–এর অধীন কার্যক্রমসমূহ

আপনার যদি বিশেষ কোন প্রয়োজন থেকে থাকে তাহলে আপনি অতিরিক্ত শিক্ষণের জন্য যোগ্য হতে পারেন|

## বিশেষ প্রস্তুতিমূলক কার্যক্রম (Special Preparatory Program)

মানবিক কর্মকাণ্ডে জড়িত যোগ্য ব্যক্তিরা, যাদের সংকটপূর্ণ প্রাক-আগমন এবং সীমিত শিক্ষালাভের অভিজ্ঞতা রয়েছে, তাদেরকে Special Preparatory Program (SPP) অতিরিক্ত সময় ও সহায়তা প্রদান করে।

## স্থায়ী হতে চাকুরী ও প্রশিক্ষণের জন্য ভাষার জানার উপায়সমূহ (Settlement Language Pathways to Employment and Training)

Settlement Language Pathways to Employment and Training (SLPET) কার্যক্রম যোগ্য শিক্ষার্থীদের কর্মসংস্থান কেন্দ্রীক কোর্স প্রদান করে যা তাদেরকে পেশা-ভিত্তিক ইংরেজি শিক্ষার পাশাপাশি অস্ট্রেলিয় কর্মক্ষেত্রের সংস্কৃতি এবং রীতিনীতির সাথে পরিচিতি অর্জনে সহায়তা করে।

SLPET অতিরিক্ত ২০০ ঘন্টা পর্যন্ত পেশা-ভিত্তিক ইংরেজি ভাষা শিক্ষা প্রদান করে থাকে, যার মধ্যে বিভিন্ন শিল্পক্ষেত্রে ৮০ ঘন্টার কর্ম অভিজ্ঞতার সুযোগ অন্তর্ভুক্ত।

## এ এম ই পি এক্সটেন্ড (AMEP Extend)

যেসব যোগ্য শিক্ষার্থী তাদের জন্য নির্ধারিত ৫১০ ঘন্টা সম্পূর্ণ করার পরেও ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের ক্ষেত্রে লক্ষ্যে পৌঁছাতে পারেনি তাদেরকে AMEP Extend কর্মসূচি ৪৯০ ঘন্টা পর্যন্ত অতিরিক্ত শিক্ষা প্রদান করে থাকে।

## AMEP শিশু পরিচর্যা (AMEP child care)

আপনার AMEP সেবা প্রদানকারী আপনি ক্লাসে থাকাকালীন অবস্থায় আপনার বাচ্চাদের জন্য বিনামূল্যে শিশু পরিচর্যার ব্যবস্থা করে দিতে পারে। যেসব বাচ্চা স্কুল বয়সের নিচে শুধুমাত্র তাদেরকেই বিনামূল্যে শিশু পরিচর্যা প্রদান করা হয়।

## AMEP পথ নির্দেশনা (AMEP pathway guidance)

AMEP সেবা প্রদানকারীরা আপনার লক্ষ্য নির্ধারণ করতে, বিকল্প বুঝতে এবং আপনার শিক্ষা, উচ্চতর শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ সম্বন্ধীয় বিষয়গুলোতে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে পথ নির্দেশনা প্রদানের ব্যাপারে সহায়তা করে থাকে।

### আরো তথ্যের জন্য

| AMEP | যোগাযোগের বিস্তারিত |
|---|---|
| টেলিফোন | 13 38 73 |
| AMEP ওয়েবসাইট | www.education.gov.au/amep |
| ইমেইল | skilling@education.gov.au |
| ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় তথ্য | www.education.gov.au/amep-information-other-languages |
| আমি কোথায় ইংরেজি শিখতে পারি? AMEP সেবা প্রদানকারী এবং শিক্ষা কেন্দ্র | www.education.gov.au/adult-migrant-english-program-service-providers |
| AMEPঅনলাইন | www.amepdl.net.au |